



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৫০/মুসী/ ৪০৫৪

তারিখ: ২২/০৬/২৪

বিষয়: বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলন প্রসঙ্গে।

সূত্র: ১। প্রধান শিক্ষকের ০৫/০৬/২০২৪ তারিখের আবেদন।

২। শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭; তারিখ: ২৩/০৬/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হওয়ায় এবং আদালতে মামলা চলমান থাকায় বেতন-ভাতা উত্তোলন করতে পারছেন না মর্মে সূত্রোক্ত- (১) নং ক্রমিকে উল্লিখিত পত্রের মাধ্যমে প্রধান শিক্ষক বোর্ডকে অবহিত করেন।

এমতাবস্থায়, সূত্রোক্ত- (২) নং ক্রমিকে বর্ণিত স্মারকের আদেশ মোতাবেক প্রধান শিক্ষক এবং উপজেলা নির্বাহী অফিসার-এর যৌথ স্বাক্ষরে বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: প্রধান শিক্ষক

কামারগাঁও আইডিয়াল হাই স্কুল

কামারগাঁও, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

মেমো নং- ৪০৫৪(৭)

তারিখ: ২২/০৬/২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৫। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

২০/০৬/২০২৪